

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
আইসিটি সেল
www.mor.gov.bd

রেলপথ মন্ত্রণালয়ে গঠিত ইনোভেশন টিমের জানুয়ারি ২০১৭ মাসের সভার কার্যবিবরণীঃ


সভাপতি : জনাব মোঃ ফিরোজ সালাহ উদ্দিন, সচিব, রেলপথ মন্ত্রণালয়।
তারিখ : ৩০.০১.২০১৭ খ্রিস্টাব্দ।
সময় : বিকাল ৩.০০ ঘটিকা।
স্থান : সচিব মহোদয়ের অফিস কক্ষ (কক্ষ নং-২০৪)

২। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা : পরিশিষ্ট 'ক'।

৩। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভার আলোচ্য বিষয় উপস্থাপন করার জন্য এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও চীফ ইনোভেশন অফিসার কমল কৃষ্ণ ভট্টাচার্য্য কে আহ্বান করেন। অতিরিক্ত সচিব ও চীফ ইনোভেশন অফিসার সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ হতে গত ০৪/০১/২০১৭ খ্রিঃ একটি পত্র পাওয়া গেছে এবং উক্ত পত্রের মাধ্যমে ইনোভেশন টিমসমূহের ২০১৭ সালের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা এবং ২০১৬ সালের বাৎসরিক প্রতিবেদন আগামী ১৫ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য বলা হয়েছে। এজন্য ইনোভেশন টিমের আজকের সভা। অতঃপর সভাপতির নির্দেশক্রমে আলোচ্যসূচী উপস্থাপন করা হয় এবং সে অনুযায়ী বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত
০১	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী অত্র মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ২০১৭ সালের বাৎসরিক কর্মপরিকল্পনা আগামী ৩১ জানুয়ারি ২০১৭ তারিখের মধ্যে প্রণয়নপূর্বক ১৫ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার জন্য উল্লেখ করা হয়েছে। সে অনুযায়ী ২০১৭ সালের বাৎসরিক কর্মপরিকল্পনার বিষয়েও আলোচনা হয়।	২০১৭ সালের বাৎসরিক কর্মপরিকল্পনা আগামী ৩১ জানুয়ারি ২০১৭ তারিখের মধ্যে প্রণয়নপূর্বক ১৫ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।
০২	রেলপথ মন্ত্রণালয়ের ২০১৬ সালের ইনোভেশন সংক্রান্ত কর্মপরিকল্পনা ও উহার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এবং রেলপথ মন্ত্রণালয়ের ইনোভেশন সংক্রান্ত ২০১৬ সালের কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত প্রতিটি মাসিক সভায় আলোচনার প্রেক্ষিতে কর্মপরিকল্পনার বাইরেও যেসব সিদ্ধান্ত গৃহীত হয়েছে সেগুলোর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের বিষয়টি আলোচনা হয়। সে অনুযায়ী ২০১৬ সালের কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের বিষয়েও আলোচনা হয়।	৩১ জানুয়ারি ২০১৭ তারিখের মধ্যে ২০১৬ সালের উদ্ভাবন-সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন প্রকাশ ১৫ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। এবং সে সঙ্গে ক্ষুদ্রপরিসরে স্বল্প সময়ের মধ্যে বাৎসরিক প্রতিবেদনের একটি পুস্তিকা প্রকাশ করতে হবে।

৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ ফিরোজ আলাম)
সচিব, রেলপথ মন্ত্রণালয়,
রেলভবন, ঢাকা